ঢাকা ওয়াসা

০১। সাপাশো ফেজ-২ এর অনুকূলে ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত বাজেট বরাদ্দের অনুলিপি।
০২। পূর্বানুমোদিত নোটশীট এবং প্রাক্কলনের অনুলিপি।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মেডিকেল চেক-আপ কাজের ০১ (এক) জন মেডিকেল অফিসার এর ভিজিট বাবদ খরচের অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০

সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাপাশো ফেজ-১ ও ২ এর আওতায় স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা-কর্মচারী, আনসার ও জিফোরএস সদস্য সহ প্রায় ২০০ জন লোক কর্মরত আছেন। পানি পরিশোধনে বিভিন্ন কেমিক্যালস বিশেষত ক্লোরিন, এলাম, লাইম ও পলিমার হ্যান্ডলিং করতে হয়। এছাড়াও ল্যাবরেটরীতে বিভিন্ন ধরনের টেস্টিং এর কাজে Hazardous Toxic কেমিক্যাল, রিয়েজেন্ট ব্যবহৃত হয়। জেনারেটর ও পাম্পিং স্টেশনসমূহে উচ্চমাত্রায় >৮৫ ডেসিবল শব্দের মধ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ কর্মচারীরা কাজ করে থাকে। উপরোক্ত কাজ সম্পাদনের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্য ঝুঁকি আছে। উল্লেখ্য প্লান্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং চিকিৎসকের পরামর্শ নেবার প্রয়োজন আছে। সে লক্ষ্যে সাপাশো ফেজ-১ ও ২ এ কর্মরত সবার স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রতিমাসে ১ জন দক্ষ মেডিকেল অফিসার দ্বারা রুটিন চেকআপ (রক্তচাপ, ব্লাড গ্লুকোজ লেভেলে, ওজন, শরীরের তাপমাত্রা প্রভৃতি) করানো হয়। কর্মকর্তা-কর্মচারীদের চাহিদা আমলে নিয়ে একজন আউটসোর্স জেনারেল ফিজিশিয়ান কে উক্ত কাজে নিয়জিত করা হয়। তিনি প্রতিমাসে ১ বার স্বাস্থ্য পরিক্ষা করছেন। যার মাধ্যমে প্লান্টে কর্মরত অফিসার, স্টাফ, নিরাপত্তা কর্মী (আনসার ও গ্রুপ ফোর), আউটসোর্স কর্মী ও কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারবর্গ উপকৃত হচ্ছেন। উক্ত ফিজিশিয়ানের সম্মানী (যাতায়াতভাতা সহ) প্রতি ভিজিটের জন্য সর্বমোট টাঃ ৩,০০০/- (তিন হাজার টাকা) মাত্র প্রদান করা হয়। সে আলোকে, জানুয়ারি-২০২৫ থেকে জুলাই-২০২৫ অর্থাৎ ০৭ (সাত) মাসের রুটিন মেডিকেল চেকআপ কার্য সম্পাদনের জন্য ক্রমিক নং-৩ একটি প্রাক্কলন তৈরি করা হ'ল। প্রাক্কলিত টাকার পরিমান সর্বমোট টাঃ ২১,০০০/- (একুশ হাজার) মাত্র। যার বাজেট পাওপশো সার্কেলের ২০২৫-২৬ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-৯ ও কোড ০১-০২-০২৯ (চিকিৎসা ব্যয়) খাত হতে বহন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সাপাশো ফেজ-১ ও ২ এ কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী, আনসার ও জিফোরএস সদস্যদের জানুয়ারি-২০২৫ থেকে জুলাই-২০২৫ অর্থাৎ ০৭ (সাত) মাসের রুটিন মেডিকেল চেকআপ কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট টাঃ সর্বমোট টাঃ ২১,০০০/- (একুশ হাজার) মাত্রের প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

(SE/WSTPC)

মোঃ হাফিজুর রহমান
পি এ টু তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

সয়দ আহম্মদ আলী
এডমিন ও প্রসেস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
নথি প্রেরণের নং ...... তাং ......
স্বাক্ষর ......

অনুমোদিত

SE, WSTPC

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর কার্যালয়

পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মেডিকেল চেক-আপ কাজের ০১ (এক) জন মেডিকেল অফিসার এর ভিজিট বাবদ খরচের বিবরণ।

ক্রঃ নং	কাজের বিবরন	পরিমান (সংখ্যা)	একক দর (টাকা)	সর্বমোট টাকা
১	০১ (এক) জন মেডিকেল অফিসার এর যাতায়াত ভাতা, দুপুরের খাবার ও সম্মানী সহ সর্বমোট ৩,০০০/- (তিন হাজার টাকা) টাকা মাত্র প্রতি ভিজিটের জন্য। (জানুয়ারি-২০২৫ থেকে জুলাই-২০২৫ অর্থাৎ ০৭ (সাত) মাস)	৭	৩,০০০/-	২১,০০০/-
			মোট টাকা (অংকে)	২১,০০০/-
	মোট টাকা (কথায়)- একুশ হাজার টাকা মাত্র			

মোঃ হাফিজুর রহমান
পি এ টু তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

সৈয়দ আহম্মদ আলী
এডমিন ও প্রসেস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।